DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 15 Jul 2026, 12:32 PM

আইন-আদালত

# জমির উদ্দিন সরকারের স্মৃতির প্রতি সম্মান জানিয়ে সুপ্রিম কোর্টের কার্যক্রম অর্ধবেলা বন্ধ

প্রতিবেদক: প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ১২ জুলাই ২০২৬, ১১:০৬ AM



সাবেক ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি, জাতীয় সংসদের সাবেক স্পিকার, সাবেক মন্ত্রী এবং সুপ্রিম কোর্ট বারের সিনিয়র আইনজীবী ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের স্মৃতির প্রতি সম্মান জানিয়ে সুপ্রিম কোর্টের কার্যক্রম অর্ধবেলা বন্ধ রাখার ঘোষণা দেওয়া হয়েছে।

আজ রবিবার (১২ জুলাই) বাংলাদেশ সুপ্রিম কোর্টের উভয় বিভাগের কোর্টসমূহের কার্যক্রম অর্ধবেলা (দিনের দ্বিতীয় ভাগ) বন্ধ থাকবে।

একই সাথে আজ চেম্বার কোর্টের কার্যক্রম বন্ধ থাকবে। বাংলাদেশ সুপ্রিম কোর্টের গণসংযোগ কর্মকর্তা মো. শফিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।
ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের মৃত্যুতে বাংলাদেশের প্রধান বিচারপতি তার নিজের, বাংলাদেশ সুপ্রিম কোর্টের উভয় বিভাগের

বিচারপতিবৃন্দের এবং সুপ্রিম কোর্ট রেজিস্ট্রির কর্মকর্তা-কর্মচারীদের পক্ষে গভীর শোক প্রকাশ করেছেন। তিনি মরহুমের রুহের মাগফিরাত কামনা করেছেন এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন।

বর্ষীয়ান রাজনীতিবিদ, জাতীয় সংসদের সাবেক স্পিকার ব্যারিস্টার জমির উদ্দিন সরকার আজ ভোরে রাজধানীর একটি হাসপাতালে মারা গেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তার বয়স হয়েছিল ৯৫ বছর। তিনি বিএনপির স্থায়ী কমিটির সদস্য ছিলেন।

সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সময় জমির উদ্দিন সরকার গণপূর্ত ও নগর উন্নয়ন প্রতিমন্ত্রী ছিলেন। পরে রাষ্ট্রপতি আবদুস সাত্তারের মন্ত্রিসভায় পররাষ্ট্র প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৯১ সালে বিএনপি ক্ষমতায় এলে প্রথমে ভূমি প্রতিমন্ত্রী, পরে শিক্ষামন্ত্রীর দায়িত্ব পান। ২০০১ সালে বিএনপি ক্ষমতায় ফিরলে অষ্টম জাতীয় সংসদের স্পিকার হিসেবে দায়িত্ব পালন করেন জমির উদ্দিন সরকার।

---

## এ বিভাগের আরও খবর




**রাষ্ট্রদ্রোহ মামলায় ফ্যাসিস্ট হাসিনাসহ ২৮৬ জনের চার্জ শুনানি ৩০ সেপ্টেম্বর**

জয় বাংলা ব্রিগেড□র জুম মিটিংয়ে অংশ নিয়ে অন্তর্বর্তী সরকারকে উৎখাত ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডে অংশ নেওয়ার অভিযোগে করা মামলায় ক্ষমতাচ্যুত ...




**সহকারী কমিশনারদের নির্বাহী ম্যাজিস্ট্রেট পরিচয় দেওয়া নিয়ে বিতর্ক ও বাস্তবতা**

সম্প্রতি সহকারী কমিশনারদের □নির্বাহী ম্যাজিস্ট্রেট□ পরিচয় দেওয়া নিয়ে একটি জাতীয় দৈনিকে প্রকাশিত একটি নিবন্ধ ঘিরে বিতর্ক তৈরি হয়েছে। প্রতিবেদ...



**বিএনপির সারোয়ার আলমগীরের প্রার্থিতা বৈধ: হাইকোর্ট**

চট্টগ্রাম-২ (ফটিকছড়ি) আসনে বিজয়ী বিএনপির প্রার্থী সারোয়ার আলমগীরের সংসদ সদস্য হিসেবে প্রার্থিতা বৈধ ঘোষণা করেছেন হাইকোর্ট। তার শপথ নিতে বাধা...



**পঞ্চদশ সংশোধনী নিয়ে সুপ্রিম কোর্টের রায় বৃহস্পতিবার**

সংবিধানের পঞ্চদশ সংশোধনী নিয়ে হাইকোর্টের রায়ের বিরুদ্ধে করা আপিলের শুনানি শেষ হয়েছে। এ মামলার পঞ্চদশ সংশোধনী আপিলের রায় আগামীকাল বৃহস্পতিবার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://www.dhakaprobe.com/law-court/jmir-uddin-srkarer-smritir-prti-smman-janiye-suprim-korter-karjkrm-ordhbela-bndh